

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৪.১৬-

তারিখ-----।

আদেশ

যেহেতু, জনাব ~~মোঃ~~ আবুল কালাম আজাদ, ক্রেডিট সুপারভাইজার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর মনপুরা, ভোলা-এর বিরুদ্ধে অসদাচরণ, বরিশাল বিভাগীয় “যুবকর্ম ও আত্মকর্মসংস্থান কর্মসূচি মূল্যায়ন ও প্রশিক্ষণ” বিষয়ক আঞ্চলিক কর্মশালায় অনুপস্থিতি, ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন না হওয়া এবং অধিদপ্তরের প্রধান কার্যালয়ে আগমন করে উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে ঔদ্ধত্যপূর্ণ আচরণের অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধান মতে অত্র দপ্তরের ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে ১৮০ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে লিখিত জবাবে প্রদত্ত বক্তব্যের পুনরাবৃত্তি করেন। তিনি বলেন ১০-৫-২০১৬ খ্রিঃ তারিখ ঘটনার দিন তিনি যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ছিলেন না; নিজ কর্মস্থল ভোলা জেলার মনপুরা উপজেলায় ছিলেন। ৩১-০৩-২০১৬ খ্রিঃ তারিখ অসুস্থতার কারণে উপ-পরিচালক, ভোলা’র অনুমতিক্রমে বিভাগীয় কর্মশালায় অনুপস্থিত ছিলেন। এ ছাড়া তার উপজেলা নদী ভাঙ্গন এলাকা হওয়ায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ করতে পারেননি মর্মে উল্লেখ করে তিনি জানান, তার উপজেলা নদী ভাঙ্গন উপজেলা হওয়া সত্ত্বেও সমতলের অন্যান্য উপজেলার মত একই হারে পূর্বে নির্ধারিত ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃ বিবেচনা করে লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণের জন্য তিনি প্রধান কার্যালয়ে পত্র দিয়েছেন। কিন্তু কোন সিদ্ধান্ত এখনো পাননি। সবশেষে অনিচ্ছাকৃতভাবে যদি তার কোন ভুল হয়ে থাকে তাহলে তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার আবেদন জানান। একই ধরনের অভিযোগ হতে অপর দুইজন কর্মচারীকে অব্যাহতি দেয়া হয়েছে। শুনানীকালে অফিস শৃঙ্খলার পরিপন্থি কোন কাজ যাতে তার দ্বারা না ঘটে সে জন্য তাকে মৌখিকভাবে সতর্ক করা হয়েছে;

০৩। যেহেতু, বিভাগীয় মামলায় তার লিখিত জবাব, শুনানীকালীন বক্তব্য, নথি পর্যালোচনা এবং অফিসের সুষ্ঠু কর্মপরিবেশ বজায় রাখার স্বার্থে সকল দিক বিবেচনায় তাকে চলমান এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) সেহেতু, এফ্রণে জনাব মোঃ আবুল কালাম আজাদ, ক্রেডিট সুপারভাইজার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর মনপুরা, ভোলা-কে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখ-০৬-০২-২০১৭।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৪.১৬-৩২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ভোলা।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মনপুরা, ভোলা।
- ০৬। জনাব আবুল কালাম আজাদ, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, মনপুরা, ভোলা।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি।